**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নংঃ বাকাশিবো/ক(ডিপ)/২০১৫/৪৫৪৬

তারিখঃ ৩০ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৩য়, ৫ম, ৭ম পর্বে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা ০৩ /০৩/২০১৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট অধ্যক্ষের দপ্তর হতে রেজিস্ট্রি ডাকযোগে অথবা বাহকমারফত পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে।

**নির্ধারিত ছকঃ**

| ক্রঃ নংঃ | শিক্ষাপ্রতিষ্ঠানের নাম ও কোড | শিক্ষার্থীর নাম | টেকনোলজি | রোল নং | পর্ব | সিফট | রেজিস্ট্রেশন নং | সেশন | যে প্রবিধানের আওতায় ভর্তি হয়েছে তার নাম (২০০৫/২০১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ**

১। পুনঃভর্তির আবেদনের সাথে পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র, নম্বরপত্র ও রেজিষ্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
২। ২য়, ৩য় ও ৫ম পর্বে পুনঃভর্তিকৃতদের প্রবিধান ২০১০ অনুসরণ করতে হবে।
৩। ৭ম পর্বে পুনঃভর্তিকৃতদের প্রযোজ্য ক্ষেত্রে প্রবিধান ২০০৫/২০১০ অনুসরণ করতে হবে।
৪। প্রবিধান ২০১০-এর আওতাধীন ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের প্রবিধানের সংশোধিত ধারা ৪.১৪.৫ মোতাবেক সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।
৫। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ মোতাবেক ৬ষ্ঠ পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তি সংশ্লিষ্ট পর্বে (৬ষ্ঠ পর্বে) অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহনের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে ও পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধানের ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
৬। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে বোর্ড নির্ধারিত ব্যাংকে প্রতি শিক্ষার্থীদের জন্য ২০০/- টাকা হারে জমা প্রদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১২/২/১৫

**(মোঃ আব্দুর রেজ্জাক)**
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং-বাকাশিবো/ক(ডিপ্লোমা)/২০১৫/৪৫৪৬ (৪০৭)

তারিখ ঃ ১২/০২/২০১৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪-৪০৫। অধ্যক্ষ.................................................................................................।
৪০৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪০৭। নথি।

১২/02/2015

**(মোঃ আছাদুল হক)**
মূল্যায়ন কর্মকর্তা ও
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) (অ.দা.)
ফোনঃ ৯১২৫৩৬৫
ইমেইলঃ bteb.dip@gmail.com

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নংঃ বাকাশিবো/ক(ডিপ)/২০১৫/ ৪৫৪৭

তারিখঃ ৩০ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ২য় ও ৩য় পর্বে অধ্যয়নরত বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের ০৩-০৩-২০১৫ তারিখের মধ্যে ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ গ্রহণকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের মাধ্যমে পরিচালক (কারিকুলাম) বরাবরে নির্ধারিত ছকে আবেদন করার জন্য জানানো হলো। গ্রহণকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের মাধ্যমে বদলির সাধারণ নীতিমালা অনুসরণপূর্বক পরিচালক (কারিকুলাম) বরাবরে নিম্নবর্ণিত ছক মোতাবেক রেজিস্ট্রি ডাকযোগে অথবা বাহকমারফত তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। **সরকারি প্রতিষ্ঠানসমূহের আবেদনপত্র কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে।**

**নির্ধারিত ছকঃ**

| ক্রঃ নংঃ | শিক্ষার্থীর নাম | টেকনোলজি | রোল নম্বর | পর্ব | শিফট | রেজিস্ট্রেশন নম্বর | সেশন | মোট আসন সংখ্যা | বিদ্যমান শিক্ষার্থী সংখ্যা | শুন্য আসন সংখ্যা | ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও কোড | গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও কোড |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

**বদলির সাধারণ নীতিমালাঃ**

১. শিক্ষার্থী বদলির ক্ষেত্রে টেকনোলজি ও প্রবিধানের মিল থাকতে হবে।
২. কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলি হতে পারবে না।
৩. কেবল মাত্র ২য় ও ৩য় পর্বের শিক্ষার্থী পর্বের শুরুতে নির্ধারিত তারিখের মধ্যে বদলির আবেদন করতে পারবে।
৪. সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে।
৫. ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।
৬. বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে অভিভাবকের প্রতিস্বাক্ষরসহ ছাড়পত্র প্রদানকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ আবেদন করতে হবে।
৭. গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান আসন খালি থাকা সাপেক্ষে সুপারিশ করতে পারবেন। গ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে তাঁর প্রতিষ্ঠানে ভর্তিযোগ্য আবেদনগুলো একসাথে বোর্ডে প্রেরণ করতে হবে।
৮. আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং বদলির জন্য জনপ্রতি ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।

১২/২/১৫

**(মোঃ আব্দুর রেজ্জাক)**
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং-বাকাশিবো/ক(ডিপ্লোমা)/২০১৫/ ৪৫৪৭ (৪০৭)

তারিখ ঃ ১২/০২/২০১৫খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।**

১। মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। উপ-সচিব(রেজিস্ট্রেশন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬-৪০৫। অধ্যক্ষ...........................................................................................।
৪০৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪০৭। নথি।

১২/০২/২০১৫

**(মোঃ আছাদুল হক)**
মূল্যায়ন কর্মকর্তা ও
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) (অ.দা.)
ফোনঃ ৯১২৫৩৬৫
ইমেইলঃ bteb.dip@gmail.com